



হরমুজ প্রণালিতে অস্থায়ী নৌ করিডোর চালু করল ওমান



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে আন্তর্জাতিক জাহাজ চলাচল নির্বিঘ্ন রাখতে অস্থায়ী নৌ করিডোর চালুর সিদ্ধান্ত নিয়েছে ওমান।

ওমানি কর্তৃপক্ষ জানিয়েছে, আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থা (আইএমও) ও সংশ্লিষ্ট সংস্থাগুলোর সহযোগিতায় পরিচালিত এ ব্যবস্থার আওতায় নির্ধারিত রুট ব্যবহার করে বাণিজ্যিক ও অন্যান্য জাহাজ চলাচল করতে পারবে।

ওমানি কর্তৃপক্ষ আরও বলেন, বৈশ্বিক জ্বালানি সরবরাহ ও আন্তর্জাতিক বাণিজ্যে হরমুজ প্রণালির গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় নৌ চলাচলের নিরাপত্তা ও ধারাবাহিকতা বজায় রাখাই এ উদ্যোগের লক্ষ্য। করিডোর ব্যবহারে অতিরিক্ত কোনো ফি নেওয়া হবে না বলেও জানানো হয়েছে।

এদিকে, সাম্প্রতিক আঞ্চলিক উত্তেজনার প্রেক্ষাপটে সমুদ্রপথে পণ্য পরিবহন সচল রাখার অংশ হিসেবে এ পদক্ষেপকে গুরুত্বপূর্ণ বলে মনে করছেন সংশ্লিষ্টরা। করিডোর ব্যবহারের আগে জাহাজ পরিচালনাকারী প্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় অনুমোদন ও সমন্বয় সম্পন্ন করার পরামর্শ দেওয়া হয়েছে।